দৈনিক বাংলা

তারিখ 18 JUN 1990
কলাম 2

# বরিশালে ছাত্র সংঘর্ষ ঃ মেডিক্যাল কলেজ বন্ধ

।। নিজস্ব সংবাদদাতা ।।

বরিশাল, ১৭ই জুন (ইউএনবি)।— দু'টি ছাত্র সংগঠনের সমর্থকদের মধ্যে সংঘর্ষের পর আজ এখানে শেরে বাংলা মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা এবং ছাত্রদের সন্ধ্যা

(৫—এর পৃঃ দ্রঃ)

## বরিশালে ছাত্র

( প্রথম পৃষ্ঠার পর )

৬টার মধ্যে, হোস্টেল ত্যাগ করতে বলা হয়েছে।

বিভিন্ন সূত্রে জানা গেছে, শনিবার রাতে আওয়ামী লীগ সমর্থিত ছাত্র লীগ এবং জাতীয়তাবাদী ছাত্র দলের কর্মীদের মধ্যে সংঘর্ষের পর এই ব্যবস্থা নেয়া হয়েছে। দু'টি সংগঠনের কর্মীরা ক্যাম্পাসে মিছিল বের করলে সংঘর্ষের সূত্রপাত হয় এবং এতে কয়েকজন ছাত্র আহত হয়। সংঘর্ষ চলাকালে বোমা বিস্ফোরিত হয়। উভয় পক্ষ এ ব্যাপারে একে অপরকে দোষারোপ করে।

বিএনপির সহ-সভাপতি অধ্যক্ষ ইউনুস খান, জেলা সম্পাদক অধ্যাপক আবদুর রশিদ খান ও স্থানীয় নেতা মোয়াজ্জেম হোসেন আলাল আজ এখানে এক বিবৃতিতে ঘটনার নিন্দা করেছেন।